

সরকারি বাদশা মিয়া প্রাথমিক বিদ্যালয় কামরাসীরচরে ঝুঁকিপূর্ণ ভবনে চলছে পাঠদান

যুগান্তর রিপোর্ট

দেয়ালের বিভিন্ন পয়েন্ট ও পিলারে ফাটল ধরেছে। কোথাও একটু জোরে ঘষা লাগলেই খসে পড়ছে পলেস্তারা। একটু পরপর ছাদের পলেস্তারা খসে পড়ছে কোমলমতি শিশু-কিশোরদের শরীরে। এতে ওদের পরিপাটি পোশাক ও শরীর



কামরাসীরচর সরকারি বাদশা মিয়া প্রাথমিক বিদ্যালয়ের ঝুঁকিপূর্ণ ভবন। বুধবারের ছবি যুগান্তর

নোংরা হয়ে যাচ্ছে। তবুও ওই ভবনে পাঠদান চালাচ্ছেন কর্তৃপক্ষ। এ চিত্র কামরাসীরচরের নয়গাঁও বাদশা মিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের। সম্প্রতি ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের (ডিএসসিসি) ৫৫ নম্বর ওয়ার্ডের একমাত্র ওই বিদ্যালয় ঘুরে এবং শিক্ষক-শিক্ষার্থীদের সঙ্গে কথা বলে ঝুঁকিপূর্ণ ওই বিদ্যালয় ভবনের ভয়াবহ তথ্য পাওয়া গেছে। স্কুল কর্তৃপক্ষ জানান, দ্বিতলবিশিষ্ট প্রাইমারি স্কুল ভবন নির্মাণের সময় মাটির গভীর থেকে ফাউন্ডেশন নির্মাণের কথা থাকলেও সেটা করা হয়নি। দায়িত্বপ্রাপ্ত সরকারি সংস্থার সঠিক তদারকি না থাকায় নিম্নমানের ইট-বালু ও সিমেন্ট দিয়ে ওই ভবনের নির্মাণকাজ করা হয়েছে। এ কারণে মাত্র ৩০ বছরের ব্যবধানে ওই ভবনটি ঝুঁকিপূর্ণ হয়ে উঠেছে। স্বাভাবিক নিয়মে ভবনটি ৭০-৮০ বছর টেকসই হওয়ার কথা ছিল। ওই স্কুলের পঞ্চম শ্রেণীর শিক্ষার্থী মরিয়ম আক্তার যুগান্তরকে জানায়, এ স্কুলে এখন ঢুকতেই ভয় লাগে। বাদশা মিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. রুহুল আমিন এ ব্যাপারে যুগান্তরকে বলেন, আমাদের দ্বিতল স্কুল ভবনটি ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে। পলেস্তারা খসে পড়ছে। বেশ কয়েকটি পয়েন্টে ফাটল ধরেছে। বিকল্প না থাকায় এরই মধ্যে পাঠদান করানো হচ্ছে। উর্ধ্বতন কর্তৃপক্ষকে বিষয়টি অবহিত করেছি। আমরা উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্তের অপেক্ষায় রয়েছি।

এ প্রসঙ্গে মোহাম্মদপুর থানা শিক্ষা কর্মকর্তা খালেদা বেগম যুগান্তরকে বলেন, কামরাসীরচরের বাদশা মিয়া স্কুল ভবনটি ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে, এটা সত্য। ওই স্কুলের নতুন ভবন নির্মাণের বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে। আশা করছি, খুব অল্প সময়ের মধ্যেই ওই স্কুলের নতুন ভবন নির্মাণ কাজ শুরু করা হবে।

বাংলাদেশের	
পরিচালকের কার্যালয়	
প্রাপ্তি নং.....	
তারিখ.....	
কক্ষ, পরিচালক/সহকারী পরিচালক	
উপস্থিত/নিহত/অন্য	
সিস্টেম ম্যানেজার	
সিনিয়র সিস্টেম এনালিস্ট	
প্রশাসনিক কর্মকর্তা	
পি.এ.	
স্বাক্ষর/স্বাক্ষর	
স্বাক্ষর	